

## নিয়ম লঙ্ঘন করে শিক্ষক নিয়োগের সুপারিশ!

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পোকপ্রশাসন  
বিভাগে শিক্ষক নিয়োগপ্রক্রিয়ায় নিয়ম



সম্মানের অভিযোগ  
পাওয়া গেছে। দুজন  
ছাত্রী প্রভাষক  
নিয়োগের বিজ্ঞাপন  
দেওয়া হলেও নিয়ম  
সম্মান করে  
হয়জনকে নিয়োগ

দেওয়ার সুপারিশ করা হয়েছে। অথচ  
বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধিতে  
বিজ্ঞাপিত পদের অতিরিক্ত একজনকে  
নিয়োগ দেওয়ার বিধান রয়েছে।

সূত্র-আওয়াজ গত বছরের ১০ নভেম্বর  
একটি ইংরেজি দৈনিক দুজন ছাত্রী  
প্রভাষক নিয়োগের বিজ্ঞাপিত দেওয়া হয়।  
এতে আবেদন করেন ৩০ প্রার্থী। এই  
নিয়োগপ্রক্রিয়ার সিলেকশন সম্পন্ন হয়  
গত ২৯ জানুয়ারি। তাতে বিজ্ঞাপিত  
পদের চেয়ে অতিরিক্ত চারজনকে  
নিয়োগের জন্য সুপারিশ করা হয়।

নিয়মে বলা আছে, বিজ্ঞাপনে দেওয়া  
সংখ্যার চেয়ে অতিরিক্ত একজনকে  
নিয়োগের সুপারিশ করতে পারবে  
সিলেকশন বোর্ড। তবে তা হতে হবে  
বিভাগের সিন্ডিকেট কমিটির  
সুপারিশের ভিত্তিতে। ২০১৩ সালের ১৭  
ফেব্রুয়ারি অনুষ্ঠিত সিন্ডিকেট সভায়  
সিদ্ধান্ত নেওয়া হয়, সকল

বিভাগ/ইনস্টিটিউটে শিক্ষক নিয়োগের  
ক্ষেত্রে বিজ্ঞাপনের অতিরিক্ত একজনের  
বেশি নিয়োগ দেওয়া যাবে না।  
বিজ্ঞাপনের অতিরিক্ত নিয়োগের বিষয়ে  
সিলেকশন বোর্ড অনুষ্ঠিত হইবার পূর্বেই  
তা পাঠাইতে হইবে। কিন্তু

বিশ্ববিদ্যালয়ের পোকপ্রশাসন বিভাগে  
প্রভাষক নিয়োগের ক্ষেত্রে এ নিয়ম মানা  
হয়নি বলে জানা গেছে। নির্বাচিত  
হয়জনকে নিয়োগ দিতে সিলেকশন  
বোর্ডের পরে দ্বিতীয় দফা সিন্ডিকেট  
কমিটির সভা করা হয়েছে। এ ছাড়া  
বেশি প্রকাশনা, অভিজিতা বাসা  
প্রার্থীদের বাদ দেওয়া হয়েছে বলে  
অভিযোগ পাওয়া গেছে।

সাময়িক বিজ্ঞান অনুষদের তিন  
সিলেকশন বোর্ডের সদস্য অধ্যাপক ড.  
ফরিদ উদ্দিন আহমেদ বলেন,  
সিলেকশন বোর্ডে সুপারিশ করতে  
পারবে। তবে চূড়ান্ত না হওয়া পর্যন্ত  
কিছু বলতে পারব না।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও  
সিলেকশন বোর্ডের সভাপতি অধ্যাপক  
ড. নাসরীন আহমেদ বলেন, কে কী  
অভিযোগ করেছে জানি না। তবে  
সিন্ডিকেট মিটিংয়ের আগে আমি কিছু  
বলব না।